# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**17-05-2026** **Time: 7.50 PM**

---

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত নিতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারির পৌরোহিত্যে মন্ত্রিসভা আগামীকাল দ্বিতীয় বৈঠকে বসছে।

মুখ্যমন্ত্রী আজ পূর্ব মেদিনীপুরের চন্ডীপুরে সদ্য নিহত আপ্ত সহায়ক চন্দ্রনাথ রথের মায়ের সঙ্গে সাক্ষাত্ করে তার পরিবারের পাশে থাকার আশ্বাস দিয়েছেন।

২) খাদ্যমন্ত্রী অশোক কীর্তনিয়া বলেছেন, অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে তাদের রেশন কার্ড অবিলম্বে বাতিলের নির্দেশ দেওয়া হয়েছে।

৩) এরাজ্যে আগামী জুলাই মাস থেকে চালু হতে চলেছে জি রাম জি প্রকল্প ।

৪) তৃণমূল কংগ্রেসের ১০ জন নেতা ও প্রাক্তন মন্ত্রীর নিরাপত্তায় কাটছাঁট করা হয়েছে।

৫) বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় অস্বস্তিকর আবহাওয়া তৈরি হলেও দক্ষিণবঙ্গের বেশিরভাগ জায়গায় সন্ধ্যার পর বজ্রবিদ্যুত্ সহ বৃষ্টির পূর্বাভাস।

৬) আইএসএল ফুটবলে মোহনবাগান ও চিরপ্রতিদ্বন্দ্বী ইস্টবেঙ্গল আজ মুখোমুখি।

---

বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত নিতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরোহিত্যে রাজ্য সরকার আগামীকাল নবান্নে মন্ত্রিসভার দ্বিতীয় বৈঠকে বসছে। এই বৈঠকে মুখ্য

সচিব, স্বরাষ্ট্র সচিব ছাড়াও মন্ত্রিসভার অন্যান্য সদস্যদের থাকার নির্দেশ দেওয়া হয়েছে। বৈঠকে আর জি কর সহ নারী নির্যাতন, প্রাতিষ্ঠানিক দুর্নীতি, সরকারি কর্মচারীদের জন্য বেতন কমিশন গঠন, বকেয়া মহার্ঘ ভাতা প্রদানের মত বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে বলে সচিবালয় সূত্রে জানা গেছে। এছাড়াও ভারত বাংলাদেশ সীমান্তবর্তী অরক্ষিত জমিতে কাঁটাতার দেওয়া এবং আউটপোস্ট তৈরির জন্য বিএসএফকে ৪৫ দিনের মধ্যে জমি দেওয়ার বিষয়ে যে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল তা নিয়েও মুখ্যমন্ত্রী অন্য আর একটি বৈঠক করবেন। উপস্থিত থাকবেন বর্তমান মুখ্য সচিব মনোজ কুমার আগরওয়াল, প্রাক্তন মুখ্য সচিব নন্দিনী চক্রবর্তী সহ বিএসএফ এর অন্যান্য আধিকারিকেরা।

এরপরে বিকেলে মুখ্যমন্ত্রীর আলিপুরের ধনধান্য অডিটোরিয়ামে এই বছরের মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, সিবিএসই, আইসিএসই পরীক্ষায় কৃতী ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা দেওয়ার কথা।

------------------------

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ, প্রাক্তন আপ্ত সহায়ক চন্দ্রনাথ রথের মায়ের সঙ্গে দেখা করেন । পূর্ব মেদিনীপুর জেলার চন্ডীপুর থানা এলাকার কুলুপ গ্রামে আজ বিকেলে চন্দ্রনাথের বাড়িতে যান মুখ্যমন্ত্রী। পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচন ২০২৬ -এর ফল বেরোনোর পর উত্তর চব্বিশ পরগনার মধ্যমগ্রামে আততায়ীদের হামলায় প্রাণ হারান শুভেন্দু অধিকারীর আপ্ত সহায়ক চন্দ্রনাথ রথ। চন্দ্রনাথের পরিবারের পাশে থাকার আশ্বাস দিয়েছেন মুখ্যমন্ত্রী।

------------------------

তৃণমূল কংগ্রেস সরকারের আমলে অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে সমস্ত রেশন কার্ড অবিলম্বে বাতিলের নির্দেশ রাজ্য সরকার দিয়েছে বলে খাদ্যমন্ত্রী অশোক কীর্তনীয়া

জানিয়েছেন। উত্তর ২৪ পরগনার বনগাঁয় গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে অশোকবাবু বলেন, উদ্বাস্তু মতুয়াদের কোন সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত করা হবে না। তবে তার জন্য মতুয়াদের অবিলম্বে CAA-তে আবেদন করার পরামর্শ দিয়েছেন তিনি

বাইট

উত্তর ২৪ পরগনার ভারত বাংলাদেশ সীমান্তের কালিয়ানিতে আজ কাঁটাতার বিহীন এলাকা পরিদর্শনে শ্রী কীর্তনিয়া। সীমান্তবর্তী অঞ্চলে কাঁটাতার দেওয়ার কাজের তদারকির জন্য সেখানে গিয়ে এলাকার বাসিন্দাদের সঙ্গে কথা বলেন তিনি। মন্ত্রীর কাছে একাধিক সমস্যার কথা জানান স্থানীয়রা।

------------------------

উত্তর ২৪ পরগনার ভারত বাংলাদেশ সীমান্তের কালিয়ানিতে আজ কাঁটাতার বিহীন এলাকা পরিদর্শনে যান বনগাঁ উত্তরের বিধায়ক তথা রাজ্যের খাদ্যমন্ত্রী অশোক কীর্তনীয়া। সীমান্তবর্তী অঞ্চলে কাঁটাতার দেওয়ার কাজের তদারকির জন্য সেখানে গিয়ে এলাকার বাসিন্দাদের সঙ্গে কথা বলেন তিনি । মন্ত্রীর কাছে একাধিক সমস্যার কথা জানান স্থানীয়রা ।

------------------------

বিজেপি রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য্য ফলতা বিধানসভা নির্বাচনে বিজেপি প্রার্থীকে রেকর্ড ভোটে জয়ী করার আবেদন জানিয়েছেন। সেখানে আজ এক জনসভায় তিনি বলেন, দক্ষিণ ২৪ পরগণায় একাধিক দলীয় কর্মীকে হত্যা করা হয়েছে। বিজেপির নেতাদের ওপর আক্রমণ চালানো হয়েছে। তাই মানুষ এই একদলীয় একাধিপত্যের জবাব দিয়েছে। ফলতার মানুষকে নির্ভয়ে ভোট দেওয়ার তিনি আবেদন জানান।

------------------------

উত্তর ২৪ পরগনার বিধাননগর পুরনিগমের ৩৬ নম্বর ওয়ার্ডের বাসন্তী দেবী কলোনিতে তৃণমূল কংগ্রেসের পার্টি অফিস থেকে বিধাননগর দক্ষিণ থানার পুলিশ একশোটিরও বেশি আধার কার্ড ও জমির দলিল উদ্ধার করেছে । স্থানীয় বাসিন্দাদের দাবি, সরকারি জমির অবৈধ কেনাবেচা সংক্রান্ত নথিও উদ্ধার হয়েছে পার্টি অফিস থেকে। উদ্ধার হওয়া আধার কার্ডগুলি স্থানীয় লোকজনের বলে জানা গেছে ।

------------------------

পশ্চিম মেদিনীপুরের গড়বেতা তিন নম্বর ব্লকের করসা ২ নম্বর অঞ্চলের ছোট তারা মধ্য বুথ তৃণমূল কংগ্রেস কার্যালয়ের ভেতর থেকে অসংখ্য জব কার্ড এবং ভোটার কার্ড পাওয়া গেছে । দীর্ঘদিন বন্ধ থাকা এই কার্যালয় আজ সকালে খোলা হলে স্থানীয় বিজেপি কর্মীরা ভেতর থেকে প্রচুর জব কার্ডের বই, বিভিন্ন জমির দলিল এবং প্রচুর ভোটার কার্ড উদ্ধার করে । ঘটনাস্থলে গড়বেতা থানার পুলিশ পৌঁছেছে । পরিস্থিতি খতিয়ে দেখছে পুলিশ ।

------------------------

পূর্ব কলকাতার তপসিয়া এবং তিলজলা থানা এলাকায় একাধিক মারধর এবং অশান্তি ছড়ানোর মামলায় অভিযুক্ত মহম্মদ সাবির ওরফে লালবাবুকে পুলিশ অস্ত্র আইনে আবার গ্রেপ্তার করেছে। বিস্ফোরক দ্রব্য নিয়ন্ত্রণ আইনের আওতায়ও তার বিরুদ্ধে মামলা রয়েছে। লালবাবুকে জিজ্ঞাসাবাদ করে এই অস্ত্র কারবারের সঙ্গে আর কে কে জড়িত তা পুলিশ খতিয়ে দেখছে।

এদিকে, বাশদ্রোনিতে অভিযান চালিয়ে পুলিশ সত্যব্রত বসু নামে এক ব্যক্তির কাছ থেকে আগ্নেয়াস্ত্র ও চারটি কার্তুজ উদ্ধার করেছে। নিরঞ্জনপল্লী থেকে এই আগ্নেয়াস্ত্র বাজেয়াপ্ত করা হয়।

------------------------

উত্তর ২৪ পরগণার সন্দেশখালির মনিপুরে বিজেপির বিজয় মিছিল থেকে ফেরার সময়ে তিন জন কর্মী সমর্থকের ওপর ধারালো অস্ত্র দিয়ে আক্রমণ চালানো হয়। আহতদের সন্দেশখালির খুলনা হাসাপাতালে ভর্তি করা হয়েছে। স্থানীয় তৃণমূল কংগ্রেস আশ্রিত দৃষ্কৃতীরাই এই হামলা চালিয়েছে বলে অভিযোগ। এই ঘটনায় সন্দেশখালি থানার পুলিশ তৃণমূল কংগ্রেসের সঙ্গে যুক্ত তিনজনকে গ্রেপ্তার করেছে।

------------------------

অষ্টাদশ রাজ্য বিধানসভার নব নির্বাচিত অধ্যক্ষ রথীন্দ্র বসু আজ কোচবিহারে গিয়ে পৌঁছলে বিজেপি সমর্থকরা উচ্ছ্বসিতভাবে তাঁকে সম্বর্ধনা জানান। স্পিকার হিসাবে নিরপেক্ষতার সঙ্গে কাজ করা এবং মানুষের প্রত্যাশা পূরণই, তাঁর কাজ হবে বলে শ্রী বসু জানিয়েছেন। তিনি মদনমোহন মন্দিরেও যান।

------------------------

জুলাই মাস থেকে চালু হতে চলেছে বিকশিত ভারত গ্যারান্টি ফোর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন (গ্রামীণ) বা জি রাম জি প্রকল্প। কেন্দ্রীয় সরকার এক নির্দেশিকায় জানিয়েছে, কাজ শুরুর আগে নথিভূক্ত সব শ্রমিকদের ব্যাংক অ্যাকাউন্টে থাকা সবিস্তার তথ্য যাচাই করতে হবে। রাজ্যের পঞ্চায়েত দপ্তর সেই মর্মে কাজ শুরু করতে জানিয়ে দিয়েছে আধিকারিকদের। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

-------------------------

তৃণমূল কংগ্রেস সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের পর এবার নিরাপত্তায় কাটছাঁট করা হলো প্রাক্তন ডিজি রাজীব কুমার, প্রাক্তন মেয়র ও মন্ত্রী শোভন চট্টোপাধ্যায়, তৃণমূল বিধায়ক কুণাল ঘোষের।

এঁরা ছাড়াও তৃণমূল কংগ্রেসের মোট ১০ নেতা-প্রাক্তন মন্ত্রীর বাড়ির সামনের নিরাপত্তা সরাল লালবাজার।

সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়, চন্দ্রিমা ভট্টাচার্য, অরূপ বিশ্বাস, সুব্রত বক্সীদের নিরাপত্তা কমানো হয়েছে।

ডিরেক্টর অব সিকিউরিটি পীযূষ পাণ্ডে আগে ছিলেন ভারপ্রাপ্ত ডিজিপি। তাঁর নিরাপত্তাতেও কাটছাঁট করা হয়েছে বলে জানিয়েছে লালবাজার।

-------------------------

রাজ্য সরকারের পশু নিধন সংক্রান্ত সাম্প্রতিক নির্দেশিকায় সংখ্যালঘু অধ্যুষিত মুর্শিদাবাদ জেলায় বিভ্রান্তি ও অস্বস্তিকর পরিবেশের সৃষ্টি হয়েছে বলে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেছেন। তিনি এই বিষয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর দৃষ্টি আকর্ষণ করে বলেছেন, এরাজ্যে প্রত্যেক সম্প্রদায়ের মানুষের সামাজিক ও ধর্মীয় রীতিনীতি পালনের অধিকার ও মর্যাদা রক্ষার বিষয়টি গুরুত্বপূর্ণ।

এদিকে এসইউসিআই কমিউনিস্ট রাজ্য সরকারের পশু নিধন সংক্রান্ত বিধি নিষেধ অবিলম্বে প্রত্যাহারের দাবি জানিয়েছেন।

অন্যদিকে সিপিআইএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেছেন, রাজ্যে গোরক্ষার নামে জুলুমবাজি শুরু হয়েছে। সামাজিক ভারসাম্য যাতে বিঘ্নিত না হয়, সেজন্য তিনি রাজ্য সরকারের কাছে অনুরোধ জানিয়েছেন। আজ রাজ্য কমিটির বৈঠক শেষে সিপিআইএম রাজ্য সম্পাদক হকার উচ্ছেদের সমালোচনা করে বলেন, আর্থিক দিক চিন্তাভাবনা করে সরকারের সিদ্ধান্ত নেওয়া উচিত।

\-------------------------

প্রবল কালবৈশাখীর পর দক্ষিণ দিনাজপুর জেলায় বিস্তীর্ণ অঞ্চলে তাদের বিদ্যুৎ পরিকাঠামো ব্যাপক খয়ক্ষতি হয়েছে বলে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বন্টন কোম্পানি জানিয়েছে। জেলার বিভিন্ন এলাকায় আজ খুব ভোরে প্রবল কালবৈশাখী ঝড়ের সঙ্গে ভারী বৃষ্টি হবার দরুন এই পরিস্থিতি। তপন ব্লক এবং সংলগ্ন বালুরঘাট ও গঙ্গারামপুর ব্লকে খয়ক্ষতির মাত্রা সবচেয়ে বেশি। WBSCDCL যুদ্ধকালীন তৎপরতায় বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক করার কাজ চালাচ্ছে।

\-------------------------

বঙ্গোপসাগর থেকে আসার জলীয়বাষ্পের আধিক্যের কারণে দক্ষিণবঙ্গের প্রায় সব জায়গায় গরমের অস্বস্তিকর আবহাওয়া তৈরি হয়েছে। তবে সন্ধ্যার পর বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর, সঙ্গে দমকা হাওয়া থাকবে, ৪০ থেকে ৫০ কিলোমিটার গতিবেগে।

উত্তরবঙ্গের উত্তরের জেলা গুলি বিশেষ করে দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি ও কোচবিহারে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টির সতর্কতা জানানো হয়েছে।

পশ্চিমের জেলাগুলিতেও বিশেষ করে বাঁকুড়া পুরুলিয়া পশ্চিম মেদিনীপুর বীরভূম ও পশ্চিম বর্ধমানেও হালকা থেকে মাঝারে বৃষ্টি হবে। কলকাতা ও তার আশপাশে সন্ধ্যার পর বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি সঙ্গে দমকা হাওয়া বয়ে যাবে।

------------------------

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ সন্ধ্যায় আই এস এলের ডার্বি ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট, ইস্টবেঙ্গলের মুখোমুখি হয়েছে। **শেষ খবর পাওয়া পর্যন্ত খেলা গোলশূন্য।**

এই মুহূর্তে দুটি দলই ১১ ম্যাচে ২২ পয়েন্ট সংগ্রহ করেছে। গোল পার্থক্যে এগিয়ে থাকায় ইস্টবেঙ্গল লিগ তালিকায় দ্বিতীয় ও মোহনবাগান তৃতীয় স্থানে রয়েছে। আজকের ম্যাচ যে দল জিতবে খেতাব জয়ের লক্ষ্যে তারা অনেকটাই এগিয়ে থাকবে।

------------------------ ------------------------